মন্ত্রিপরিষদ বিভাগের অক্টোবর ২০১৪ মাসের কার্যাবলি সম্পর্কিত প্রতিবেদন

মন্ত্রণালয়/বিভাগের নাম: **মন্ত্রিপরিষদ বিভাগ**

প্রতিবেদনাধীন মাসের নাম: **অক্টোবর ২০১৪**   প্রতিবেদন প্রস্তুতের তারিখ: **১৩ নভেম্বর ২০১৪**

(১) প্রশাসনিক:

ক. ১ কর্মকর্তা/কর্মচারীদের সংখ্যা (রাজস্ব বাজেটে)

সংস্থার স্তর	অনুমোদিত পদ	পূরণকৃত পদ	শূন্যপদ
মন্ত্রণালয়: **মন্ত্রিপরিষদ বিভাগ**	২০৮	১৭৯	২৯
অধিদপ্তর/সংস্থা/সংযুক্ত অফিস: **দুর্নীতি দমন কমিশন**	১২৬৪	৯৭১	২৯৩
মোট	**১,৪৭২**	**১,১৫০**	**৩২২**

ক. ২ শূন্য পদের বিন্যাস

মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থা	অতিরিক্ত সচিব/ তদূর্ধ্ব পদ	জেলা কর্মকর্তার পদ (যেমন ডিসি, এসপি)	অন্যান্য ১ম শ্রেণির পদ	২য় শ্রেণির পদ	৩য় শ্রেণির পদ	৪র্থ শ্রেণির পদ	মোট
মন্ত্রিপরিষদ বিভাগ	-	-	০৪	০৫	১৫	০৫	২৯
দুর্নীতি দমন কমিশন	-	-	৫৩	১৯	৯৭	০১	১৭০*

* সুপারনিউমারি পদ ব্যতীত।

ক. ৩ অতীব গুরুত্বপূর্ণ (strategic) পদ শূন্য থাকলে তার তালিকা

ক্রমিক	মন্ত্রণালয়/বিভাগ	গুরুত্বপূর্ণ শূন্য পদের নাম	গুরুত্বপূর্ণ শূন্য পদের সংখ্যা	মোট গুরুত্বপূর্ণ শূন্য পদের সংখ্যা
১।	**মন্ত্রিপরিষদ বিভাগ**	-	-	-
২।	**দুর্নীতি দমন কমিশন**	-	-	-

ক. ৪ নিয়োগ/পদোন্নতি প্রদান

মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থা	প্রতিবেদনাধীন মাসে পদোন্নতি			নতুন নিয়োগ প্রদান			মন্তব্য
	কর্মকর্তা	কর্মচারী	মোট	কর্মকর্তা	কর্মচারী	মোট	
মন্ত্রিপরিষদ বিভাগ	০৩	-	০৩	-	-	-	০৩ জন সাঁট-মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটরকে প্রশাসনিক কর্মকর্তা (২জন) ও/ব্যক্তিগত কর্মকর্তা (১জন) পদে পদোন্নতি দেওয়া হয়েছে।
দুর্নীতি দমন কমিশন	-	-	-	০৯	-	-	২ জন সহকারী পরিচালক, ৫ জন উপসহকারী পরিচালক ও ২ জন কোর্ট পরিদর্শক কমিশনের চাকরিতে যোগদান করেছেন।

ক.৫ শূন্য পদ পূরণে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা: নেই।

খ. ১ ভ্রমণ/পরিদর্শন (দেশে-বিদেশে)

	মন্ত্রী		প্রতিমন্ত্রী/ উপমন্ত্রী		মন্ত্রিপরিষদ সচিব		মন্তব্য
	দেশে	বিদেশে	দেশে	বিদেশে	দেশে	বিদেশে	
ভ্রমণ/পরিদর্শন (দিন)	-	-	-	-	-	১৬	১। মন্ত্রিপরিষদ সচিব পবিত্র হজ্জ পালনের উদ্দেশ্যে ০১-১০ অক্টোবর ২০১৪ মেয়াদে সৌদি আরব ভ্রমণ করেন। ২। মন্ত্রিপরিষদ সচিব স্ত্রীর চিকিৎসার জন্য ২২-২৭ অক্টোবর ২০১৪ মেয়াদে সিঙ্গাপুর অবস্থান করেন।
উন্নয়ন প্রকল্প পরিদর্শন (দিন)	-	-	-	-	-	-	
পার্বত্য চট্টগ্রামে ভ্রমণ (দিন)	-	-	-	-	-	-	

খ.২ উপরোক্ত ভ্রমণের পর ভ্রমণ বৃত্তান্ত/পরিদর্শন প্রতিবেদন দাখিলের সংখ্যা: প্রযোজ্য নয়।

(২) আইন-শৃঙ্খলা বিষয়ক (স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জন্য): প্রযোজ্য নয়।

(৩) অর্থনৈতিক (কেবল অর্থ বিভাগের জন্য): প্রযোজ্য নয়।

(৪) উন্নয়ন প্রকল্প সংক্রান্ত

ক. উন্নয়ন প্রকল্পের অর্থ বরাদ্দ ও ব্যয় সংক্রান্ত প্রকল্পের নাম:

প্রকল্পের নাম	**বর্তমান অর্থ-বৎসরে এডিপিতে বরাদ্দ (কোটি টাকায়)**	**প্রতিবেদনাধীন মাস পর্যন্ত ব্যয়ের পরিমাণ (কোটি টাকায়) ও বরাদ্দের বিপরীতে ব্যয়ের শতকরা হার**	**প্রতিবেদনাধীন মাসে নতুন প্রকল্প অনুমোদিত হয়ে থাকলে তার তালিকা**	**প্রতিবেদনাধীন মাসে মন্ত্রণালয়ে এডিপি রিভিউ সভার তারিখ**	মন্তব্য
১	২	৩	৪	৫	৬
Supporting the Good Governance Programme (SGGP)	-	▪ জুন ২০১৩ পর্যন্ত ব্যয় হয় ৭.২৫ কোটি টাকা (এডিবি এবং জিওবি অর্থায়ন) ব্যয়ের হার ৯৫ শতাংশ। ▪ অক্টোবর ২০১৪ মাসে প্রকল্পে কোন ব্যয় হয়নি।	কোন নতুন প্রকল্প অনুমোদিত হয় নি।	-	প্রকল্পের কাজ চলমান রয়েছে।

খ. প্রকল্পের অবস্থা সংক্রান্ত

প্রতিবেদনাধীন মাসে সমাপ্ত প্রকল্পের তালিকা	**প্রতিবেদনাধীন মাসে উদ্বোধনকৃত সমাপ্ত প্রকল্পের তালিকা**	**প্রতিবেদনাধীন মাসে চলমান প্রকল্পের কম্পোনেন্ট হিসাবে সমাপ্ত গুরুত্বপূর্ণ অবকাঠামো**	**আগামী দু'মাসের মধ্যে উদ্বোধন করা হবে এমন সমাপ্ত প্রকল্পের তালিকা**
-	-	-	-

(৫) উৎপাদন বিষয়ক (সংশ্লিষ্ট মন্ত্রণালয়কে পূরণ করতে হবে): প্রযোজ্য নয়।

(৬) প্রধান প্রধান সেক্টর কর্পোরেশনসমূহের লাভ/লোকসান: প্রযোজ্য নয়।

(৭) অডিট আপত্তি

ক. অডিট আপত্তি সংক্রান্ত তথ্য

মন্ত্রণালয়/সংস্থার নাম	অডিট আপত্তির সংখ্যা	টাকার পরিমাণ (লক্ষ টাকায়)	ব্রডশীটে জবাবের সংখ্যা	নিষ্পত্তির সংখ্যা	জের	মন্তব্য
মন্ত্রিপরিষদ বিভাগ	৭টি	০.২৩	০০	০০	০৭টি	মন্ত্রিপরিষদ বিভাগের ০৭টি অডিট আপত্তি মামলা ঢাকার চতুর্থ সহকারী জজ আদালতের মামলা নং-৭/২০০০-এর আওতায় বিচারাধীন রয়েছে।
বিলুপ্ত বিভাগীয় উন্নয়ন বোর্ড ও বিলুপ্ত উপকূলীয় দ্বীপাঞ্চল উন্নয়ন বোর্ড	১৭টি	২৮৩.১৫	-	-	১৭টি	ত্রিপক্ষীয় অডিট কমিটির সভা অনুষ্ঠানের মাধ্যমে আপত্তিসমূহ নিষ্পত্তির কার্যক্রম চলমান রয়েছে।
দুর্নীতি দমন কমিশন	০৪টি	৭০০.০০	০৪	-	০৪টি	-
মোট	২৮টি	৯৮৩.৩৮	০৪	০০	২৮টি	-

খ. অডিট রিপোর্টে গুরুতর/বড় রকমের কোন জালিয়াতি/অর্থ আত্মসাৎ, অনিয়ম ধরা পড়ে থাকলে সে সব কেইসের তালিকা: নেই।

(৮) শৃঙ্খলা/ বিভাগীয় মামলা (মন্ত্রণালয়/বিভাগ ও অধিদপ্তর/সংস্থার সম্মিলিত সংখ্যা)

মন্ত্রণালয়/অধিদপ্তর/ সংস্থাসমূহে পুঞ্জীভূত মোট বিভাগীয় মামলা (প্রতিবেদনাধীন মাসের ১ তারিখে)	প্রতিবেদনাধীন মাসে শুরু হওয়া মামলার সংখ্যা	প্রতিবেদনাধীন মাসে মামলা নিষ্পত্তির সংখ্যা			অনিষ্পন্ন বিভাগীয় মামলার সংখ্যা	বর্তমান অর্থ-বছরে মোট নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা
		চাকরিচ্যুতি/বরখাস্ত	অন্যান্য দণ্ড	অব্যাহতি		
১	২	৩	৪	৫	৬	৭
মন্ত্রিপরিষদ বিভাগ-১	-	-	-	-	১	-
দুর্নীতি দমন কমিশন- ১২	-	০১	-	-	১১	০১

(৯) মানবসম্পদ উন্নয়ন

ক. প্রতিবেদনাধীন মাসে সমাপ্ত প্রশিক্ষণ কর্মসূচি:

মন্ত্রণালয়/সংস্থা	ক্রমিক	প্রশিক্ষণ কর্মসূচির নাম	প্রশিক্ষণের মেয়াদ	উদ্যোগী সংস্থা / এজেন্সির নাম	অংশগ্রহণকারীর সংখ্যা
১	২	৩	৪	৫	৬
মন্ত্রিপরিষদ বিভাগ	১।	Study tour on Last Mile Connectivity & E-services **স্থান:** ভারত	১৩-১৭ অক্টোবর ২০১৪	Asian Development Bank (ADB	০৪জন (একজন অতিরিক্ত সচিব, দুইজন উপসচিব, একজন সহকারী সিস্টেম এনালিস্ট)
	২।	International Symposium on Excellence in Public Service/Public Administration **স্থান:** ভারত	০৭-০৯ অক্টোবর ২০১৪	United Nations Development Programme (UNDP)	১জন (অতিরিক্ত সচিব)
	৩।	Study tour on Digital Land Management System (DLMS) **স্থান:** ভারত	১৩-১৭ অক্টোবর ২০১৪	Asian Development Bank (ADB)	২জন (একজন যুগ্মসচিব, একজন উপসচিব)

মন্ত্রণালয়/সংস্থা	ক্রমিক	প্রশিক্ষণ কর্মসূচির নাম	প্রশিক্ষণের মেয়াদ	উদ্যোগী সংস্থা / এজেন্সির নাম	অংশগ্রহণকারীর সংখ্যা
১	২	৩	৪	৫	৬
	৪।	৬৮তম সিনিয়র স্টাফ কোর্স **স্থান:** বিপিএটিসি, সাভার, ঢাকা	১২-২৬ অক্টোবর ২০১৪	জনপ্রশাসন মন্ত্রণালয়	১জন (যুগ্মসচিব)
	৫।	'Social Protection Policy Support (SPPS) Programme' **স্থান:** থাইল্যান্ড	১৩-১৭ অক্টোবর ২০১৪	UNDP	৩জন (দুইজন উপসচিব, একজন সিনিয়র সহকারী সচিব)
	৬।	Commonwealth Association for Public Administration and Management (CAPAM) Biennial Conference **স্থান:** মালয়েশিয়া	১৯-২১ অক্টোবর ২০১৪	Malaysian Technical Cooperation Programme (MTCP)	১জন (মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব)
	৭।	'International Training Programme on Leadership Development' **স্থান:** ভারত	১৩-৩১ অক্টোবর ২০১৪	অর্থনৈতিক সম্পর্ক বিভাগ	২জন (দুইজন সিনিয়র সহকারী সচিব)

খ. মন্ত্রণালয়/অধিদপ্তরে কোন ইন্-হাউস প্রশিক্ষণের আয়োজন করা হয়ে থাকলে তার বর্ণনা: 'ক্যাপাসিটি ডেভেলপমেন্ট অব ক্যাবিনেট ডিভিশন'-শীর্ষক কর্মসূচির আওতায় 'Business English Communication skill course for the 1st Class Officers of Cabinet Division' শীর্ষক প্রশিক্ষণ কোর্স।

গ. প্রশিক্ষণ কর্মসূচিতে কর্মকর্তা/কর্মচারীদের অংশগ্রহণ বা মনোনয়নের ক্ষেত্রে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা: নেই।

ঘ. মন্ত্রণালয়ে অন্ দ্য জব ট্রেনিং (OJT) এর ব্যবস্থা আছে কি না; না থাকলে অন্ দ্য জব ট্রেনিং আয়োজন করতে বড় রকমের কোন অসুবিধা আছে কি না: হ্যাঁ আছে; কোন অসুবিধা নেই।

ঙ. প্রতিবেদনাধীন মাসে প্রশিক্ষণের জন্য বিদেশ গমনকারী কর্মকর্তার সংখ্যা: ১৩ জন।

(১০) **উল্লেখযোগ্য কার্যাবলি/সমস্যা-সঙ্কট:**

ক. প্রতিবেদনাধীন মাসে নতুন আইন, বিধি ও নীতি প্রণয়ন হয়ে থাকলে তার তালিকা: নেই।

খ. প্রতিবেদনাধীন মাসে অতীব গুরুত্বপূর্ণ/উল্লেখযোগ্য কার্যাবলি:

(১) মন্ত্রিসভার দুইটি, সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির দুইটি, অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির একটি, প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির দুইটি, আন্তর্জাতিক ও আঞ্চলিক সংস্থায় বাংলাদেশ কর্তৃক চাঁদা প্রদান সংক্রান্ত সচিব কমিটির সভা একটি এবং মন্ত্রিসভা-বৈঠকে গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সম্পর্কিত দুইটি আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়।

(২) ১৯ অক্টোবর ২০১৪ তারিখে বিভাগীয় কমিশনারগণের মাসিক সমন্বয় সভায় ৪৪টি সিদ্ধান্ত গৃহীত হয়।

(৩) ২২ ও ২৩ অক্টোবর ২০১৪ তারিখে টাঙ্গাইল ও গাইবান্ধা জেলার আইন-শৃঙ্খলা সভার সদস্যদের সঙ্গে একটি করে মোট দুইটি ভিডিও কনফারেন্সিং অনুষ্ঠিত হয়।

(৪) বিভাগীয় কমিশনার এবং মেট্রোপলিটন পুলিশ কমিশনারগণের নিকট থেকে প্রাপ্ত সেপ্টেম্বর দ্বিতীয় পক্ষ এবং অক্টোবর প্রথম পক্ষের পাক্ষিক গোপনীয় প্রতিবেদনের ভিত্তিতে প্রস্তুতকৃত দুইটি সার-সংক্ষেপ যথাক্রমে ০৭ অক্টোবর এবং ২৫ অক্টোবর ২০১৪ তারিখে মাননীয় প্রধানমন্ত্রী বরাবর উপস্থাপন করা হয়।

(৫) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের মহামান্য রাষ্ট্রপতি জনাব মোঃ আবদুল হামিদ পবিত্র হজ্জব্রত পালনের জন্য ১৬ আশ্বিন ১৪২১/০১ অক্টোবর ২০১৪ তারিখ বুধবার ০২.০০ ঘটিকায় বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের বিজি-০৩৭ ফ্লাইট যোগে সৌদি আরবের উদ্দেশে ঢাকা ত্যাগ করেন এবং ২৫ আশ্বিন ১৪২১/১০ অক্টোবর ২০১৪ তারিখ শুক্রবার ২০.০০

ঘটিকায় একই এয়ারলাইন্সের বিজি-০৩৬ ফ্লাইট যোগে ঢাকায় প্রত্যাবর্তন করেন। মহামান্য রাষ্ট্রপতির প্রস্থান ও প্রত্যাবর্তনকালে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে রাষ্ট্রাচারের দায়িত্ব পালন করা হয়।

(৬) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ৫৮ অনুচ্ছেদের (১) দফার (গ) উপ-দফা অনুযায়ী ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রী জনাব আবদুল লতিফ সিদ্দিকীর মন্ত্রী পদে নিয়োগের অবসান হয়েছে। এ সংক্রান্ত ১২ অক্টোবর ২০১৪ তারিখের ০৪.০০.০০০০.৪২১.৮৪.০০৪.১৪.৩১৬ সংখ্যক প্রজ্ঞাপন সকলের জ্ঞাতার্থে প্রকাশ করা হয়।

(৭) মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা এশিয়া-ইউরোপ সভার ১০ম শীর্ষ-সম্মেলনে যোগদানের জন্য ৩০ আশ্বিন ১৪২১/১৫ অক্টোবর ২০১৪ তারিখ বুধবার ১০.০০ ঘটিকায় বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের বিজি-০১৫ ফ্লাইট যোগে ইতালির উদ্দেশে ঢাকা ত্যাগ করেন এবং ০৩ কার্তিক ১৪২১/১৮ অক্টোবর ২০১৪ তারিখ শনিবার ২৩.৫০ ঘটিকায় একই এয়ারলাইন্সের বিজি-০৫৬ ফ্লাইট যোগে ঢাকায় প্রত্যাবর্তন করেন। মাননীয় প্রধানমন্ত্রীর প্রস্থানকালে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে রাষ্ট্রাচারের দায়িত্ব পালন করা হয়।

(৮) বাংলাদেশ জাতীয় সংসদের স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী তিন বছর মেয়াদে কমনওয়েলথ পার্লামেন্টারি অ্যাসোসিয়েশনের চেয়ারপার্সন নির্বাচিত হয়েছেন। ০৯ অক্টোবর ২০১৪ তারিখে ক্যামেরুনের রাজধানী ইয়াউনদে-তে আয়োজিত অ্যাসোসিয়েশন-এর ৬০তম অধিবেশনে এ নির্বাচন অনুষ্ঠিত হয়। কমনওয়েলথভুক্ত ৫৩টি দেশ থেকে আগত প্রতিনিধিগণ চেয়ারপার্সন নির্বাচনে ভোটাধিকার প্রয়োগ করেন। ড. শিরীন শারমিন চৌধুরীর মনোনয়নপত্রে প্রস্তাবক হিসাবে প্রধানমন্ত্রী শেখ হাসিনা স্বয়ং স্বাক্ষর করেন। সমর্থক হিসাবে মনোনয়নপত্রে স্বাক্ষর করেন ভারতীয় লোকসভার স্পিকার সুমিত্রা মহাজন ও সিঙ্গাপুরের স্পিকার হালিমা ইয়াকুব। এ নির্বাচন আন্তর্জাতিক অঙ্গনে বাংলাদেশের উজ্জ্বল ভাবমূর্তি এবং প্রধানমন্ত্রী শেখ হাসিনার প্রতি বিশ্ব-সম্প্রদায়ের গভীর আস্থা ও শ্রদ্ধাবোধের প্রতিফলন। গণতন্ত্রের ধারাবাহিকতা এবং অব্যাহত আর্থ-সামাজিক উন্নয়নের মাধ্যমে আন্তর্জাতিক ফোরামে প্রতিষ্ঠিত বাংলাদেশের ব্যাপক পরিচিতি ড. শিরীন শারমিন চৌধুরীর সিপিএ'র চেয়ারপার্সন নির্বাচনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে। ১৯৭৩ সালে সিপিএ'র সদস্যপদ প্রাপ্তির পর প্রথমবারের মত এ সংগঠনের চেয়ারপার্সন পদে প্রতিদ্বন্দ্বিতার মাধ্যমে বাংলাদেশের একজন প্রার্থীর নির্বাচন জাতির জন্য একটি বিরল অর্জন। বাংলাদেশ সরকারের পররাষ্ট্র মন্ত্রণালয় ও বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়ের অক্লান্ত প্রচেষ্টা এবং বন্ধুপ্রতিম দেশসমূহের সরকার ও সংসদ-সদস্যগণের আন্তরিক সমর্থন ও সহযোগিতা এ নির্বাচনের পথকে সুগম করেছে।

বাংলাদেশ জাতীয় সংসদের স্পিকার কমনওয়েলথ পার্লামেন্টারি অ্যাসোসিয়েশন-এর চেয়ারপার্সন পদে নির্বাচিত হওয়ায় আন্তর্জাতিক ক্ষেত্রে বাংলাদেশের সম্মানজনক অবস্থান আরও সমুন্নত ও সুসংহত হয়েছে। এই অর্জনের মাধ্যমে বিশ্বে বাংলাদেশের ভাবমূর্তি উজ্জ্বলতর হওয়ায় বাংলাদেশ জাতীয় সংসদের স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরীকে আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জ্ঞাপন করে মন্ত্রিসভার ১৩ অক্টোবর ২০১৪/২৮ আশ্বিন ১৪২১ তারিখের বৈঠকে একটি প্রস্তাব গ্রহণ করা হয়। উক্ত প্রস্তাব ১৯ অক্টোবর ২০১৪ তারিখের ০৪.০০.০০০০.৪২১.৮৪.০৪৩.১৩.৩২৩ নম্বর প্রজ্ঞাপনের মাধ্যমে সকলের জ্ঞাতার্থে প্রকাশ করা হয়।

(৯) সরকার সৈয়দ মোয়াজ্জেম আলীকে ভারতে বাংলাদেশের হাই কমিশনার পদে চুক্তিভিত্তিক নিয়োজিত থাকাকালীন প্রতিমন্ত্রীর পদমর্যাদা প্রদান করেছে। তিনি মন্ত্রিপরিষদ বিভাগের ৫ আগস্ট ২০১৪ তারিখের ০৪.০০.০০০০.৪২১.৪১.০০৯.১৪.২৭২ সংখ্যক প্রজ্ঞাপনের বিধান সাপেক্ষে 'The Ministers, Ministers of State and Deputy Ministers (Remuneration and Privileges) Act, 1973' অনুযায়ী বেতন-ভাতা ও অন্যান্য আনুষঙ্গিক সুযোগ-সুবিধা প্রাপ্য হবেন। এ সংক্রান্ত ২০ অক্টোবর ২০১৪ তারিখের ০৪.০০.০০০০.৪২১.৮৪.০০৪.১৪.৩২৫ সংখ্যক প্রজ্ঞাপন সকলের জ্ঞাতার্থে প্রকাশ করা হয়।

(১০) মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা সরকারি সফরে ১০ কার্তিক ১৪২১/২৫ অক্টোবর ২০১৪ তারিখ শনিবার ০৮.৩০ ঘটিকায় বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের বিজি-৪০৪৯ ফ্লাইট যোগে সংযুক্ত আরব আমিরাতের উদ্দেশে ঢাকা ত্যাগ করেন এবং ১২ কার্তিক ১৪২১/২৭ অক্টোবর ২০১৪ তারিখ সোমবার ২৩.৫৫ ঘটিকায় একই এয়ারলাইন্সের বিজি-০৪০ ফ্লাইট যোগে ঢাকায় প্রত্যাবর্তন করেন। মাননীয় প্রধানমন্ত্রীর প্রস্থানকালে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে রাষ্ট্রাচারের দায়িত্ব পালন করা হয়।

(১১) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের মহামান্য রাষ্ট্রপতি জনাব মোঃ আবদুল হামিদ 10th World Islamic Economic Forum (WIEF)-এ অংশগ্রহণের লক্ষ্যে ১২ কার্তিক ১৪২১/২৭ অক্টোবর ২০১৪ তারিখ সোমবার ০৯.৫৫ ঘটিকায় এমিরেটস এয়ারলাইন্সের ইকে-৫৮৩ ফ্লাইট যোগে সংযুক্ত আরব আমিরাতের উদ্দেশে ঢাকা ত্যাগ করেন এবং ১৪ কার্তিক

১৪২১/২৯ অক্টোবর ২০১৪ তারিখ বুধবার ১৯.৩০ ঘটিকায় একই এয়ারলাইন্সের ইকে-৫৮৪ ফ্লাইট যোগে ঢাকায় প্রত্যাবর্তন করেন। মহামান্য রাষ্ট্রপতির প্রস্থান ও প্রত্যাবর্তনকালে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে রাষ্ট্রাচারের দায়িত্ব পালন করা হয়।

(১২) বিশিষ্ট মুক্তিযোদ্ধা ও রাজনৈতিক সংগঠক মো. বজলুর রহমান ২০ অক্টোবর ২০১৪ তারিখে ঢাকায় ইন্তেকাল করেন (ইন্নালিল্লাহে ... রাজিউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৬৮ বছর। মো. বজলুর রহমান জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের মহান আদর্শ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার গণমুখী রাজনীতির একনিষ্ঠ অনুসারী ছিলেন। তিনি ঐতিহাসিক ছয় দফা আন্দোলন ও উনসত্তরের গণঅভ্যুত্থানে সক্রিয়ভাবে অংশগ্রহণ করেন। ১৫ আগস্ট ১৯৭৫ তারিখে জাতির পিতাকে সপরিবারে হত্যার পর তিনি ষড়যন্ত্রকারীদের বিরুদ্ধে প্রতিবাদী অবস্থান গ্রহণ করেন। এ কারণে সামরিক শাসকগোষ্ঠী প্রহসনের বিচারের মাধ্যমে তাঁকে মৃত্যুদন্ড প্রদান করে। অতঃপর তাঁকে মৃত্যুদন্ডের স্থলে কারাদন্ড দেওয়া হয় এবং শেষ পর্যন্ত তিনি মুক্তিলাভ করেন। ১৯৯৬ থেকে ২০০১ সাল পর্যন্ত জনাব মো. বজলুর রহমান প্রধানমন্ত্রীর কার্যালয়ের লিয়াজোঁ অফিসার হিসাবে নিষ্ঠার সঙ্গে দায়িত্ব পালন করেন। তিনি বঙ্গবন্ধু সৈনিক লীগের সভাপতি ছিলেন। তাঁর মৃত্যুতে জাতি একজন প্রকৃত দেশপ্রেমিককে হারাল।

বীর মুক্তিযোদ্ধা ও সংগঠক মো. বজলুর রহমানের মৃত্যুতে গভীর শোক প্রকাশ ও তাঁর বিদেহী আত্মার শান্তি কামনা করে এবং তাঁর শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি আন্তরিক সমবেদনা জানিয়ে মন্ত্রিসভার ০৫ কার্তিক ১৪২১/২০ অক্টোবর ২০১৪ তারিখের বৈঠকে একটি শোকপ্রস্তাব গ্রহণ করা হয়। মন্ত্রিসভার বৈঠকে গৃহীত শোকপ্রস্তাব ২৯ অক্টোবর ২০১৪ তারিখের ০৪.০০.০০০০.৪২১.৬২. ০২২.১৩.৩৩৩ সংখ্যক প্রজ্ঞাপনের মাধ্যমে সকলের জ্ঞাতার্থে প্রকাশ করা হয়।

(১৩) বিশিষ্ট ইতিহাসবিদ, জাতীয় অধ্যাপক আবুল ফয়েজ সালাহ্উদ্দীন আহমদ ১৯ অক্টোবর ২০১৪ তারিখে ঢাকায় ইন্তেকাল করেন (ইন্নালিল্লাহে ... রাজিউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৯০ বছর। আবুল ফয়েজ সালাহ্উদ্দীন আহমদ ১৯২৪ সালে ফরিদপুর শহরে জন্ম গ্রহণ করেন। তাঁর পরিবারের আদি নিবাস গোপালগঞ্জ জেলার বাঁশবাড়িয়া গ্রামে। তিনি কলকাতা বিশ্ববিদ্যালয় থেকে ইতিহাসে বিএ (অনার্স) এবং এমএ সম্পন্ন করার পর যুক্তরাষ্ট্রের পেনসিলভেনিয়া বিশ্ববিদ্যালয় থেকে এমএ এবং লন্ডন বিশ্ববিদ্যালয় থেকে পিএইচডি ডিগ্রি অর্জন করেন। ঢাকার জগন্নাথ কলেজে তাঁর শিক্ষকতা জীবনের শুরু হয় এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইতিহাসের অধ্যাপক হিসাবে তিনি অবসর গ্রহণ করেন। তিনি ১৯৫৬ সালে জাপানের কিয়োটো বিশ্ববিদ্যালয়ে ইউনেস্কো কালচারাল ফেলো হিসাবে এবং ১৯৬৩ সালে পেনসিলভেনিয়া ও শিকাগো বিশ্ববিদ্যালয়ে দক্ষিণ এশিয়ার ইতিহাস বিষয়ে লেকচারার পদে দায়িত্ব পালন করেন। তিনি বাংলাদেশের মুক্তিযুদ্ধসহ ইতিহাস সম্পর্কিত বিভিন্ন বিষয়ে বেশ কয়েকটি গবেষণাধর্মী গ্রন্থ রচনা করেন, যেগুলি দেশে-বিদেশে জ্ঞানচর্চার ক্ষেত্রে বিশেষ অবদান রাখছে। অধ্যাপক সালাহ্উদ্দীন আহমদ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের 'অসমাপ্ত আত্মজীবনী' প্রকাশের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখেন। তিনি ২০১১ সালে জাতীয় অধ্যাপক হিসাবে স্বীকৃতি লাভ করেন। তিনি বাংলাদেশ জাতিসংঘ সমিতির সভাপতি এবং বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘর পরিচালনা কমিটির আহ্বায়ক হিসাবে দায়িত্ব পালন করেন। শিক্ষা ক্ষেত্রে বিশেষ অবদানের জন্য তিনি একুশে পদক ও স্বাধীনতা পুরস্কারে ভূষিত হন। তাঁর মৃত্যুতে জাতি একজন অসাধারণ পন্ডিত ও দেশপ্রেমিককে হারাল।

বিশিষ্ট ইতিহাসবিদ জাতীয় অধ্যাপক এ এফ সালাহ্উদ্দীন আহমদ-এর অবদান শ্রদ্ধা ও কৃতজ্ঞতার সঙ্গে স্মরণ, তাঁর মৃত্যুতে গভীর শোক প্রকাশ ও তাঁর বিদেহী আত্মার শান্তি কামনা করে এবং তাঁর শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি আন্তরিক সমবেদনা জানিয়ে মন্ত্রিসভার ০৫ কার্তিক ১৪২১/ ২০ অক্টোবর ২০১৪ তারিখের বৈঠকে একটি শোকপ্রস্তাব গ্রহণ করা হয়। মন্ত্রিসভার বৈঠকে গৃহীত শোকপ্রস্তাব ২৯ অক্টোবর ২০১৪ তারিখের ০৪.০০.০০০০.৪২১.৬২.০২২.১৩.৩৩৩ সংখ্যক প্রজ্ঞাপনের মাধ্যমে সকলের জ্ঞাতার্থে প্রকাশ করা হয়।

(১৪) ১৬ অক্টোবর ২০১৪ তারিখের এস.আর.ও নম্বর ২৪২-আইন/২০১৪ দ্বারা Ministry of Power Energy and Mineral Resources-এর আওতাধীন Power Division-এর কার্যতালিকা সংশোধন করা হয়।

(১৫) মন্ত্রিপরিষদ বিভাগের প্রাধিকারভুক্ত কর্মকর্তাগণের গাড়ি রক্ষণাবেক্ষণ ব্যয় নির্বাহের জন্য এ বিভাগের ২০১৪-১৫ অর্থ-বছরে বরাদ্দকৃত বাজেটের ০৩-০৪০১-০০০১-৪৮০০ খাতের আওতাধীন ৪৮৪৮-ব্যবস্থাপনা ব্যয় উপখাত থেকে ৪০,১০,০০০.০০ (চল্লিশ লক্ষ দশ হাজার) টাকা যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে ৪৮৭৭-প্রাধিকারভুক্ত কর্মকর্তাদের গাড়ি রক্ষণাবেক্ষণ ব্যয় উপখাতে পুনঃউপযোজন সংক্রান্ত আদেশ ৩০ অক্টোবর ২০১৪ তারিখে করা হয়।

(১৬) মন্ত্রিপরিষদ বিভাগের ২০১৪-১৫ অর্থ-বছরের বাজেট বাস্তবায়ন পরিকল্পনা প্রণয়ন এবং প্রথম কোয়ার্টারের (জুলাই-সেপ্টেম্বর) বাজেট বাস্তবায়ন পরিবীক্ষণ প্রতিবেদন অনুমোদনের লক্ষ্যে মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের সভাপতিত্বে ৩০ অক্টোবর ২০১৪ তারিখে এ বিভাগের বাজেট ব্যবস্থাপনা কমিটির সভা অনুষ্ঠিত হয়।

(১৭) গত ১৫ অক্টোবর ২০১৪ তারিখে RTI Working Group-এর সভা এ বিভাগের ভারপ্রাপ্ত সচিব (সমন্বয় ও সংস্কার) এর সভাপতিত্বে তাঁর অফিস কক্ষে অনুষ্ঠিত হয়।

(১৮) তথ্য অধিকার সংক্রান্ত আইন বাস্তবায়ন জোরদারকরণের লক্ষ্যে জেলা পর্যায়ে 'তথ্য অধিকার উপদেষ্টা কমিটি' গঠন সংক্রান্ত প্রজ্ঞাপন সকল বিভাগীয় কমিশনার এবং সকল জেলা প্রশাসক বরাবর প্রেরণ করা হয়।

(১৯) জাতীয় শুদ্ধাচার কৌশল সংক্রান্ত ফোকাল পয়েন্টগণের অংশগ্রহণে তিনটি কর্মশালা ২৩, ২৭ এবং ৩০ অক্টোবর ২০১৪ তারিখে অনুষ্ঠিত হয়।

(২০) Regional Technical Assistance (RETA 6337): ADB-Australia Development Partnership Facility for South Asia-TA Consultation Mission-Rescheduling Mission to 11-14 October 2014 from 27-29 September 2014 সংক্রান্ত পত্রটি অর্থনৈতিক সম্পর্ক বিভাগে প্রেরণ করা হয়।

(২১) TA8283-BAN: Improving Public Administration and Services Delivery through E-solutions-Midterm Review Mission-Rescheduling Mission to 28-29 October 2014, from 6-11 September 2014 সংক্রান্ত পত্রটি অর্থনৈতিক সম্পর্ক বিভাগে প্রেরণ করা হয়।

(২২) ২০১৩-১৪ অর্থ-বছরের রাজস্ব বাজেটের আওতায় বাস্তবায়নাধীন উন্নয়ন কর্মসূচিসমূহের জুলাই ২০১৩ থেকে জুন ২০১৪ পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন এ বিভাগের পরিকল্পনা ও বাজেট শাখায় প্রেরণ করা হয়।

(২৩) Country Workshop on TA Project 'Improving Public Administration and Services Devivery through E-Solutions সংক্রান্ত পত্র অর্থ বিভাগসহ ৩০ জন উর্ধ্বতন কর্মকতার নিকট প্রেরণ করা হয়।

(২৪) ন্যাশনাল ই-সার্ভিস সিস্টেম এবং ইউনিয়ন ডিজিটাল সেন্টারের ড্যাশবোর্ড মনিটরিং এবং অক্টোবর ২০১৪ মাসের কার্যক্রমের একটি প্রতিবেদন প্রস্তুত করা হয়।

(২৫) ইনফো-সরকার প্রকল্পের আওতায় মন্ত্রিপরিষদ বিভাগে দুইটি ভিডিও কনফারেন্স সিস্টেম স্থাপনের জন্য প্রকল্প পরিচালক ইনফো-সরকার বরাবর পত্র প্রেরন করা হয়।

(২৬) ন্যাশনাল পোর্টাল সংক্রান্ত প্রশিক্ষণের জন্য তিনটি বিভাগে মোট ২৯,৬১,৯০০/- (উনত্রিশ লক্ষ একষট্টি হাজার নয়শত) টাকা টিটি/ডিডি মারফত প্রেরণ করা হয়।

(২৭) ২৮-৩০ অক্টোবর ২০১৪ তারিখে ঢাকায় অনুষ্ঠেয় "Regional Meeting on Financing Graduation Gaps of Asia-Pacific LDCs" শীর্ষক সভায় অংশগ্রহণকারী বাংলাদেশ প্রতিনিধিদলে অন্তর্ভুক্তির লক্ষ্যে কর্মকর্তা মনোনয়নপূর্বক অর্থনৈতিক সম্পর্ক বিভাগে পত্র প্রেরণ করা হয়।

(২৮) দেশে জঙ্গিবাদের অর্থের উৎস অনুসন্ধান কার্যক্রম আরও জোরদার এবং এ কার্যক্রম অধিকতর সমন্বয়ের লক্ষ্যে গঠিত টাস্কফোর্সটি পুনর্গঠন করা হয়।

(২৯) পর্যটন সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি-কে পুনর্গঠন করা হয়।

(৩০) ২৪-২৫ নভেম্বর ২০১৪ তারিখে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের মহামান্য রাষ্ট্রপতির যশোর জেলা সফর উপলক্ষে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিভাগীয় কমিশনার, খুলনা ও জেলা প্রশাসক, যশোর বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৩১) দিনাজপুর জেলার নবাবগঞ্জ উপজেলায় উপজেলা নির্বাহী অফিসারের ওপর আক্রমণ এবং তৎপ্রেক্ষিতে গৃহীত ব্যবস্থাবলি সংক্রান্ত প্রতিবেদন সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয় বরাবর প্রেরণ করা হয়।

(৩২) আগস্ট ২০১৪ মাসের পরিসংখ্যান অনুযায়ী কারাগারে আটক শিশু-কিশোরদের মুক্তিদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জেলা ম্যাজিস্ট্রেট, রংপুর ও দিনাজপুর বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৩৩) নাটোর জেলার বড়াইগ্রাম উপজেলাধীন বনপাড়া-হাটিকুমরুল মহাসড়কে সংঘটিত সড়ক দুর্ঘটনা সংক্রান্ত প্রতিবেদন সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ এবং সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় বরাবর প্রেরণ করা হয়।

(৩৪) জৈন্তাপুর উপজেলা পরিষদ চত্বরে উচ্ছৃঙ্খল জনতা কর্তৃক বিভিন্ন অফিসের দরজা জানালা ভাংচুরসহ সরকারি আসবাবপত্রের ক্ষতিসাধন এবং কর্মকর্তা কর্মচারীদের আহত করা ও ভয়ভীতি প্রদর্শন সংক্রান্ত প্রতিবেদন সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয় এবং সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ বরাবর প্রেরণ করা হয়।

(৩৫) গাজীপুর জেলার শ্রীপুর উপজেলাধীন ভিটিপাড়া গ্রামের ১০ বছরের মেয়েকে ধর্ষণ ও হত্যা সংক্রান্ত বিষয় সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয় বরাবর প্রেরণ করা হয়।

(৩৬) দুর্নীতি দমন কমিশন হতে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে বিভিন্ন মামলায় চার্জশীটভুক্ত ৪০ জন, বিজ্ঞ আদালতে এফআরটি গৃহীত হওয়ায় একজন, নথিভুক্তির সংখ্যা ৭৭ এবং তদন্তে অপরাধ প্রমাণিত না হওয়ায় ২৯ জন সরকারি কর্মকর্তা/কর্মচারীর বিষয়ে অবগত করে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগকে নির্দেশনা প্রদান করা হয়।

(৩৭) বিভিন্ন আইনে তিনজন কর্মকর্তাকে মোবাইল কোর্ট পরিচালনার ক্ষমতা/ডেপুটি কমিশনারের ক্ষমতা অর্পণ করা হয়।

(৩৮) অক্টোবর ২০১৪ মাসে আইন কোষ হতে মোট ১৬টি পত্র পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগে প্রেরণ করা হয়।

(৩৯) বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসকগণ সেপ্টেম্বর ২০১৪ মাসে প্রমাপ অনুয়ায়ী ভ্রমণ, রাত্রিযাপন, পরিদর্শন, দর্শন করেছেন। এজন্য প্রমাপ অর্জনকারী কর্মকর্তাদের ধন্যবাদ জ্ঞাপন এবং প্রমাপ অর্জনের এ ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়েছে। জেলা প্রশাসকগণের পরিদর্শনের বিষয়টি মন্ত্রিপরিষদ বিভাগের KPI (Key Performance Indicators)-ভুক্ত এবং এ মাসের KPI-এর লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে।

(৪০) বিভিন্ন দেশের High Commissioner, Ambassador ও দূতাবাসের কর্মকর্তাবৃন্দ বিভিন্ন জেলা সফর করেন। সফরকালে তাঁদেরকে উপযুক্ত সৌজন্য প্রদর্শন, প্রয়োজনীয় সহযোগিতা প্রদান ও নিরাপত্তা বিধানের ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট জেলা প্রশাসকগণকে নির্দেশনা প্রদান করা হয়।

(৪১) জনাব হাবিবুর রহমান, উপসচিব, মন্ত্রিপরিষদ বিভাগ পটুয়াখালী জেলার কলাপাড়া উপজেলা, জনাব মো: আজাদুর রহমান মল্লিক, উপসচিব ঝিনাইদহ জেলার ঝিনাইদহ সদর উপজেলা ও ঝালকাঠী জেলার ঝালকাঠী সদর উপজেলা এবং জনাব মো: সাইদুর রহমান, উপসচিব রাজশাহী জেলার দুর্গাপুর উপজেলা পরিদর্শন করেন। পরিদর্শন প্রতিবেদনের মন্তব্য/সুপারিশের ওপর ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগকে পত্র দেওয়া হয়।

(৪২) জনাব মোঃ খলিলুর রহমান, জেলা প্রশাসক, গোপালগঞ্জকে দাতব্য সংস্থা Turkey Kimse Yok Mu Solidarity and Aid Association (Kimsc Yok Mu)-এর আমন্ত্রণে ১২ হতে ১৯ নভেম্বর ২০১৪ মেয়াদে তুরস্ক সফরের বিষয়ে সম্মতি প্রদান করা হয়।

(৪৩) জেলা প্রশাসক, সাতক্ষীরা, ঝিনাইদহ এবং যশোরকে ৩০-৩১ অক্টোবর ২০১৪ তারিখে ভারতের উত্তর ২৪-পরগনার বারাসাত শহরে অনুষ্ঠেয় জেলা ম্যাজিস্ট্রেট-জেলা প্রশাসক সীমান্ত সম্মেলনে যোগদানের বিষয়ে এ বিভাগের সম্মতি স্বরাষ্ট্র মন্ত্রণালয়কে জানিয়ে দেওয়া হয়।

(৪৪) ভারতের বারাসাত শহরে ৩০-৩১ অক্টোবর ২০১৪ মেয়াদে অনুষ্ঠিত জেলা প্রশাসক-জেলা ম্যাজিস্ট্রেট যৌথ সীমান্ত সম্মেলনে যোগদানের জন্য জেলা প্রশাসক, সাতক্ষীরা, ঝিনাইদহ ও যশোরের অনুকূলে স্বরাষ্ট্র মন্ত্রণালয় কর্তৃক জি.ও জারির পরিপ্রেক্ষিতে উল্লিখিত তিন জন জেলা প্রশাসককে কর্মস্থল ত্যাগের অনুমতি প্রদান করা হয়।

(৪৫) মাঠ প্রশাসনে কর্মরত বিসিএস (প্রশাসন) ক্যাডারের ১৩ জন কর্মকর্তার বিরুদ্ধে অভিযোগ পাওয়া গেছে। পূর্বে প্রাপ্ত অভিযোগসমূহের মধ্যে পাঁচ জন কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্তে প্রমাণিত না হওয়ায় নথিজাত করার জন্য

এবং দুই জন কর্মকর্তার বিরুদ্ধে তদন্তে প্রাথমিকভাবে অভিযোগ প্রমাণিত হওয়ায় বিভাগীয় মামলা রুজুর জন্য মন্ত্রিপরিষদ বিভাগের সম্মতি জনপ্রশাসন মন্ত্রণালয়কে জানিয়ে দেওয়া হয়।

(৪৬) পবিত্র ঈদ-উল-আযহা ও শারদীয় দুর্গা পূজা উপলক্ষে বাংলাদেশ রেলওয়ে কর্তৃক স্বাভাবিক ও বিশেষ ট্রেন সার্ভিস পরিচালনা, অগ্রিম টিকেট বিক্রয়, টিকেট কালোবাজারি রোধ, যাত্রীদের নিরাপদ চলাচলে সহযোগিতা প্রদানের বিষয়ে সকল কমিশনার বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৪৭) জেলা প্রশাসক-জেলা ম্যাজিস্ট্রেট যৌথ সীমান্ত সম্মেলন সংক্রান্ত ওরিয়েন্টেশন কর্মসূচিতে বিতরণের জন্য 'জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট পর্যায়ে যৌথ সীমান্ত সম্মেলন আয়োজন সংক্রান্ত নীতিমালা-২০১২' সরবরাহের বিষয়ে সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৪৮) জেলা প্রশাসক-জেলা ম্যাজিস্ট্রেট যৌথ সীমান্ত সম্মেলন সংক্রান্ত ওরিয়েন্টেশন কর্মসূচিতে অংশগ্রহণের জন্য সংশ্লিষ্ট সিনিয়র সচিব/সচিব এবং সকল বিভাগীয় কমিশনার বরাবর আমন্ত্রণ পত্র প্রেরণ করা হয়।

(৪৯) উত্তরা গণভবন-এর সম্মুখে বিটিভির জনপ্রিয় অনুষ্ঠান 'ইত্যাদি' ধারণের জন্য মন্ত্রিপরিষদ বিভাগের সম্মতি জ্ঞাপন করা হয়।

(৫০) পাক্ষিক গোপনীয় প্রতিবেদনে উপস্থাপিত এবং মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক অনুমোদিত প্রস্তাব বাস্তবায়নের বিষয়ে সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, সচিব, আইন ও বিচার বিভাগ, সচিব, শিক্ষা মন্ত্রণালয় এবং সকল বিভাগীয় কমিশনার বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৫১) দিনাজপুর জেলার নবাবগঞ্জ উপজেলায় উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় ও অন্যান্য অফিস ভাংচুর এবং উপজেলা নির্বাহী অফিসার জনাব সৈয়দ ফরহাদ হোসেন-এর ওপর আক্রমণের বিষয়ে প্রতিবেদন সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয় বরাবর প্রেরণ করা হয়।

(৫২) ডিসি-এসপি দ্বন্দ্বে মাঠ প্রশাসনের চেইন অব কমান্ডে নেতিবাচক প্রভাবের বিষয়ে সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৫৩) ফলমূল ও খাদ্যদ্রব্যে ফরমালিন ও বিষাক্ত রাসায়নিক এবং ভেজাল মিশ্রণকারীদের বিরুদ্ধে অভিযান পরিচালনার লক্ষ্যে জারিকৃত পরিপত্রের কার্যক্রম স্থগিত রাখার জন্য সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৫৪) বাংলাদেশ টেলিভিশন সুবর্ণ জয়ন্তী পুরস্কার প্রতিযোগিতা-২০১৪ আয়োজনে সহযোগিতা করার জন্য সকল বিভাগীয় কমিশনার ও সকল জেলা প্রশাসক বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৫৫) 'ইট প্রস্তুত ও ভাটা স্থাপন (নিয়ন্ত্রণ) আইন, ২০১৩' সম্পর্কে জনসচেতনতা সৃষ্টির জন্য কার্যক্রম গ্রহণের বিষয়ে সকল বিভাগীয় কমিশনার এবং সচিব, পরিবেশ ও বন মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৫৬) নির্দিষ্ট স্থানে কোরবানি/সাধারণ পশুর হাট স্থাপন এবং পশু জবাই করার সুনির্দিষ্ট স্থান নির্ধারণ করার বিষয়ে সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৫৭) ৮ নভেম্বর ২০১৪ তারিখে বিমান বাহিনী ঘাঁটি জহুরুল হক'কে ন্যাশনাল স্ট্যান্ডার্ড প্রদান অনুষ্ঠানে যোগদান উপলক্ষে মাননীয় প্রধানমন্ত্রীর চট্টগ্রাম সফরসূচি বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম এবং জেলা প্রশাসক, চট্টগ্রাম বরাবর প্রেরণ করা হয়।

(৫৮) ভূ-সম্পত্তির জবর দখলের বিষয়ে অভিযোগ গ্রহণ ও তদন্ত সংক্রান্ত জেলা কমিটি কর্তৃক গৃহীত কার্যক্রমের অগ্রগতির বিবরণ প্রেরণের বিষয়ে সকল বিভাগীয় কমিশনার বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৫৯) আদায়কৃত ভূমি উন্নয়ন করের ২% পৌরসভাসমূহকে প্রদানের বিষয়ে সিনিয়র সচিব, অর্থ মন্ত্রণালয় এবং স্থানীয় সরকার বিভাগ বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৬০) 'মহান বিজয় দিবস-২০১৪' উদ্‌যাপন উপলক্ষে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক অনুমোদিত জাতীয় কর্মসূচি প্রতিপালনের বিষয়ে সকল বিভাগীয় কমিশনার বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৬১) মহামান্য সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগে সরকার পক্ষে ঘোষিত রায়ের বিরুদ্ধে দায়েরকৃত সিভিল পিটিশন ফর লীভ টু আপীল নম্বর-১৪৬-১৪৯/২০১২ তে মহামান্য আপীল বিভাগের প্রদত্ত রায় অনুযায়ী কমিটি গঠনের বিষয়ে সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়।

গ. আগামী দুই (নভেম্বর-ডিসেম্বর) মাসে সম্পাদিতব্য অতীব গুরুত্বপূর্ণ কাজের তালিকা:

(১) মন্ত্রিসভা-বৈঠক অনুষ্ঠান।

(২) মন্ত্রিসভা-বৈঠকে গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সম্পর্কিত আন্ত:মন্ত্রণালয় সভা অনুষ্ঠান।

(৩) সরকারি ক্রয় সংক্রান্ত ও অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির বৈঠক অনুষ্ঠান।

(৪) আন্তর্জাতিক ও আঞ্চলিক সংস্থায় বাংলাদেশ কর্তৃক চাঁদা প্রদান সংক্রান্ত সচিব কমিটির সভা অনুষ্ঠান।

(৫) সমরপুস্তক হালনাগাদকরণ সংক্রান্ত কার্যাবলি।

(৬) ১৯৮৮ সালে অনুষ্ঠিত মন্ত্রিসভা-বৈঠকের দলিলাদির সংরক্ষণের মেয়াদ ২৫ বছর অতিক্রান্ত হওয়ায় তা জাতীয় আরকাইভস এ হস্তান্তর করা হতে পারে।

(৭) মন্ত্রণালয়/বিভাগসমূহের ২০১৩-১৪ অর্থ-বছরের কার্যাবলি সম্পর্কিত বার্ষিক প্রতিবেদন প্রণয়ন।

(৮) দশম জাতীয় সংসদের ২০১৫ সালের প্রথম অধিবেশনের সূচনায় মহামান্য রাষ্ট্রপতির ভাষণের খসড়া প্রণয়ন।